চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টারের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টার এর শুভ উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা ১২ টায় চুয়াডাঙ্গা কোষাঘাটার গো গ্রীন সেন্টারের মাঠ প্রাঙ্গনে এই গো গ্রীন সেন্টার নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ওয়েভ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মহসীন আলী। পল্লি কর্মসহায়ক

ফাউন্ডেশনের সহযোগীতায় আয়োজন করেন ওয়েভ ফাউন্ডেশন। এ সময় গো গ্রীন সেন্টার শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি পল্লি কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ড. নমিতা হালদার।

গো গ্রীন সেন্টারের সকল কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনার শুরুতে গো গ্রীন কাজ থাকবে মাঠ পর্যায়ে পরীক্ষা নিরীক্ষা, কৃষি পণ্যভিত্তিক ক্লাস্টার এবং কৃষি উদ্দ্যোক্তা গড়ে তোলার ক্ষেত্রে এই গো গ্রীন ভুমিকা রাখবে। গো গ্রীন সেন্টারের ব্ল্যাক বেঙ্গল ছাগল ব্রিডিং খামার পরিচালনা কৃষি, মৎস্য ও প্রাণী সম্পদে অগ্রগতি বাড়ানো পরিবেশের জন্য সুরক্ষা সচেতনতা নিশ্চিত বিষয়ে গো গ্রীন সেন্টার ভুমিকা রাখবে। জলবায়ু অভিঘাত মোকাবেলায় অভিযোজনে কাজ করবে গো গ্রীন সেন্টার। পরিবেশ সম্মত ও নিরাপদ বিষয়ে গো গ্রীন সেন্টার কাজ করবে। জলবায়ু কার্যক্রম ও নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি চর্চা করবে গো গ্রীন সেন্টার। এছাড়া গো গ্রীন সেন্টার আরো অন্যান্য বিষয় নিয়ে গো গ্রীন সেন্টার তার ভুমিকা রাখবে। যুবকদের দক্ষতা বৃদ্ধি নিয়েও গো গ্রীন সেন্টার কাজ করবে বলে জানা গেছে।

গো গ্রীন সেন্টার উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশন নির্বাহী পরিচালক মহসীন আলী, উপ-নির্বাহী পরিচালক নাসিফা আলী, ওয়েভ ফাউন্ডেশনের মানবসম্পদ ও প্রশাসন বিভাগের পরিচালক ইফতেকার হোসেন, সহকারী পরিচালক নির্মল দাস, উপ-পরিচালক জহির রায়হান সোহাগ, সিনিয়র সমন্নয়কারি আনিসুর রহমান, সহকারী

পরিচালক কিতাব আলী, সহ-সমন্বয়কারি শরিফুল ইসলাম লিটন, সিনিয়র সমন্নয়কারি কামুরুজ্জামান যুদ্ধ, ওয়েভ ফাউন্ডেশনের এডভাইজার আব্দুস শুকুর ও এরিয়া ম্যানাজার মামুন মিয়া, প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, ফরাদ হোসেন, আশরাফুল ইসলাম ও ওয়েভ ফাউন্ডেশনের অন্যান্য কর্মকতাগণ।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা লোকমোর্চার সহ-সভাপতি তানজিলা মিনি, সাধারণ সম্পাদক, শাহ আলম সনি, সদর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক পারভিন লাইলা, সদস্য, শিরিনা আক্তার ডলি, ইলিয়াস হোসেন, জামান আক্তার, শেখ লিটন, ইয়ুথ।

অ্যাসেম্বলির পক্ষে উপস্থিত ছিলেন সংগ্রাম, মিথুন, সাকিব সহ ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান ১৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত সার ও গো-খাদ্য একসাথে রাখার দায়ে উত্তরা ট্রেডার্সে ১৫ হাজার টাকা জরিমানা করেছে। আজ মঙ্গলবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট স্নিগ্ধা দাস ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে অবৈধ ভাবে চাউল মজুদের বিরুদ্ধে বিভিন্ন গোডাউন পরিদর্শন করা হচ্ছিল। এসময় আলমডাঙ্গা পুরাতন বাজার এলাকার গীরিধারী লাল মোদীর উত্তরা ট্রেডার্সের গোডাউনে গিয়ে গো-খাদ্য ও সার পাশাপাশি রাখার দায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৫৩ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় উত্তরা ট্রেডার্মের ম্যানেজার সমীর সাহা জরিমানার টাকা পরিষদ করেন। এদিকে দীর্ঘদিন ধান মজুদ রাখায় ১০ দিনের মধ্যে তা বিক্রি করে দেওয়ার নির্দেশ ও গোডাউন সিলগালা করে দেওয়া হয়।

অভিযানকালে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল মালেক,থানার এসআই আমিনুল ইসলামসহ থানার একদল ফোর্স।

আলমডাঙ্গায় ছয় মাসের সাজাপ্রাপ্ত ও ইউনিয়ন আ.মী লীগের সভাপতি গ্রেপ্তার

আলমডাঙ্গায় চেক জালিয়াতি মামলায় ছয় মাসের সাজাপ্রাপ্ত আসামী আওয়ামী লীগ নেতা হাফিজুর রহমান বাবলুকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ সোমবার বিকেলে আলমডাঙ্গা থানাপুলিশ পৌর এলাকার সাব-রেজিস্ট্রি অফিস এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত হাফিজুর রহমান বাবলু উপজেলার খাদিমপুর গ্রামের মৃত আনিসুজ্জামান জোয়ার্দ্দারের ছেলে।

তিনি খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাব-রেজিস্ট্রি অফিসের দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক।

বাবলু চেক জালিয়াতির একটি মামলায় পরোয়ানাভুক্ত আসামি ছিলেন। পরে সেই মামলায় বিজ্ঞ আদালত হাফিজুর রহমান বাবলুকে ৬ মাসের কারাদণ্ড দেন। আদালতের রায় ঘোষণার পর থেকেই পালাতক ছিলেন আওয়ামী লীগ নেতা বাবলু।

হাফিজুর রহমান বাবলুর আটকের বিষয়টি নিশ্চিত করে আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে সাব-রেজিস্ট্রি অফিস এলাকা থেকে তাকে আটক করা হয়েছে। বিকেলেই সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে পাঠানো হয়েছে।

দর্শনায় সবুজ সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়নের সবুজ সংগঠন কার্যলয়ে দোয়া ও কমী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১১ টায় সময় সবুজ সংগঠনের নিজ কার্যলয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়।

এ সমাবেশে কেরু এ্যান্ড কোম্পানীর ফোরম্যান রবিউল হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, দুই বারের কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়ন ও বর্তমান সভাপতি সবুজ সংগঠনের কর্নধর ফিরোজ আহম্মেদ সবুজ।

এ সময় তিনি বলেন, আগামী ২৫ সালের নির্বাচন হবে খুবুই গুরুত্বপূর্ণ। তাই আপনারা যারা আমার সাথে আছেন এবং আমাকে সভাপতি বানিয়েছেন আপনাদের কথা ভুলবার নয়। তাই শ্রমিকদের স্বার্থে যা যা করার দরকার আমি করব। আপনাদের উপরে অনেক হুমকি ধামকি আসতে পারে তা আমি শক্ত হাতে দমন করব। তাই আগামী বছর নির্বাচনে আপনারা কাধে কাধ মিলিয়ে সবুজ সংগঠনের হাতকে শক্তিশালী করবেন।

এ সমাবেশে আরও বক্তব্য রাখেন, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সহ সভাপতি মফিজুল ইসলাম, সহ সভাপতি রেজাউল করিম, সহ সম্পাদক হাফিজুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু সাঈদ, ড্রাইভার আঃ রাজ্জাক, মিরাজুল ইসলাম, শ্রমিক কর্মচারী ইউনিয়নেন সদস্য কামরুল হাসান লোমান, মানিক হেসেন।

এ কর্মী সমাবেশে কোরআন তেলোওয়াত ও দোয়া পাঠ করেন, কেরুজ জামে মসজিদের মুয়াজ্জিন নেছার উদ্দিন। অনুষ্টানটি সার্বিক পরিচালনা ও উপস্থাপনা করেন সিডিএ বর্তমান কেবিনেটের সদস্য হারিজুল ইসলাম।

বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের(পদ্মা জোন) বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার চুয়াডাঙ্গা সরকারি কলেজের ব্যবসায় প্রশাসন ভবনের হল রুমে সকাল দশটার সময় বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তরের আয়োজন করা হয়।

বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের কার্যকরী পরিষদ-২০২৩ এর সভাপতি আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের দপ্তর সম্পাদক হাসিবুল হাসান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ, কে, এম সাইফুর রশীদ। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মানবতার আরেক নাম বাঁধন। বর্তমান সময়ে এবং করোনা কালীন মহামারিতে মানুষ যখন নিজের জীবন নিয়ে হিমসিম খেয়েছে সেখানে বাঁধনের কর্মীরা এগিয়ে গেছে মানুষের জীবন বাঁচাতে রক্ত নিয়ে । বাঁধন সংগঠনের মাধ্যমে যেমন মানুষ নিঃস্বার্থভাবে রক্ত দিয়ে থাকে তেমনি বাঁধন সংগঠনের মাধ্যমে সাধারণ মানুষ ফ্রী রক্ত পরিক্ষার মাধ্যমে নিজ নিজ রক্তের গ্রুপ জানতে পারছে। কখনো মানুষকে রক্ত দিয়ে কখনো রক্ত সংগ্রহ করে কখনো গরীব মানুষের মাঝে ঈদ সামগ্রী এবং শীতকালে শীতবস্ত্র বিতরণের মাধ্যমে ইতিমধ্যে দেশের ভিতরে নজীর রেখে চলছে বাঁধন সংগঠন।এ সময় তিনি আরও বলেন,তোমরা ক্যাম্পাসকে পড়ালেখার পাশাপাশি সামাজিক ও মানবিক কেন্দ্র হিসেবে গড়ে তুলবে। বিগত বছরগুলো বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট জেলা বাসীর রক্ত দিয়ে মানবিকতার মাধ্যমে যেমন সেবা দিয়েছে তেমনি নতুন কমিটি মাধ্যমে বিগত বছর থেকে অধিক পরিমাণ সেবা পেতে পারে এই জন্য কার্যকরী পরিষদ-২০২৪ এর নতুন কমিটিকে তিনি আহবান জানান এবং সকলকে ফুলেল শুভেচ্ছা জানান।

একের রক্ত অন্যের জীবন রক্তই হোক আত্মার বাঁধন এই স্লোগান কে

সামনে রেখে ১৯৯৭ সালে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়। বাঁধন কেন্দ্রীয় কমিটি, জোন, ইউনিট, স্বতন্ত্র ইউনিট, পরিবার ধাপে ধাপে সাজিয়ে উঠেছে সমগ্রিক সংগঠনটি। এই বছরের বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের (পদ্মা জোন) বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে সভাপতি আমিনুল ইসলাম ও সাধারণ সম্পাদক মিকাইল হোসেন এর নাম ঘোষণা করা হয় এবং জোনাল প্রতিনিধি হিসেবে আজিজুর রহমানের নাম ঘোষণা করা হয়।

বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে মিকাইল হোসেনের প্রাণবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক সহযোগী অধ্যাপক নজরুল ইসলাম বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক উপদেষ্টা সহযোগী অধ্যাপক সফিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক মতিউর রহমান, সহযোগী অধ্যাপক দেলোয়ার হোসাইন, সহকারী অধ্যাপক হাফিজুর রহমান। ছাত্র উপদেষ্টা হিসাবে উপস্থিত ছিলেন সজিবুল ইসলাম এ সময় আরও উপস্থিত ছিলেন হাফিজ, টুটুল, আজিজ, আমিনুল, মিকাইল, জাহিদ, হাসিবুল, রাসেল, সামিউল, শামীম, টনিক, ফিরোজ, তানিয়া, শাহনাজ, আশিক, মর্তুজা, রাব্বি, শিশির, শারমিন, সোহেল, রিয়াদ, রাকিব, মুসলিমা, তুহিন, রাজিব, সুমি, সানজিদা, অনিত, মৌসুমি, মেঘলা সহ বাঁধন সংগঠনের কর্মীবৃন্দ।

দর্শনায় বাংলা মদসহ ব্যবসায়ী জয় গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় বিশেষ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১শ ২০ লিটার বাংলা মদসহ দীর্ঘদিনের মাদক ব্যাবসায়ী জয়দেব কুমার বিশ্বাসকে (৪৮) গ্রেফতার করেছে।

সে দর্শনা পৌরসভার আজমপুর গ্রামের মৃত মুরালী মোহন বিশ্বাসের ছেলে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা

রেল বাজার মনোরঞ্জন মার্কেটের দক্ষিন পাশে।এ সময় দর্শনা থানার এসআই(নিঃ) খান আঃ রহমান সঙ্গীয় ফোর্সসহ ১৫ টি প্লাস্টিকের কন্টিনেটার ভর্তি ১২০ লিটার বাংলা মদসহ জয়দেব বিশ্বাসকে গ্রেফতার করে।

পুলিশ জানায় জয় দীর্ঘদিন ধরে এই বাংলা মদের ব্যবসা করে আসছে।তার বিরুদ্ধে নকল মদ তৈরি করে বিক্রি করে এমনও অভিযোগ রয়েছে।এই বাংলামদের আনুমানিক বাজার মৃল্য ১ লক্ষ ২০ হাজার টাকা।

এ দিকে জয়দেব বিশ্বাসের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় তৈয়ব সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার সন্ধা ৬ টায় তৈয়ব সংগঠনের নিজস্ব কার্যালয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়। উক্ত কর্মী সভায় আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে বক্তব্য রাখেন তিন বারের সাবেক সভাপতি তৈয়ব আলী।

এ সময় তিনি বলেন,আগামী ২৫ সালের নির্বাচন খুবুই গুরুত্বপূর্ণ। তাই শ্রমিক ভাইদের প্রতি আশা আগামী নির্বাচনে আপনারা ভুল পথে পা বাড়াবেন না। আমি শ্রমিকদের ন্যায্য অধিকার যা আছে সব ফিরিয়ে আনবো। তাই আপনাদের কাছে অনুরোধ আপনারা আমার ক্ষমতায় নিয়ে আসেন তারপর আপনার অধিকার ফিরিয়ে দেবো।আপনাদের বিবেক বৃদ্ধি দিয়ে আমাকে ক্ষমতায় নিয়ে আসেন। আপনাদের ভয়ের কোন কারন নেই আপনাদের সাথে আছি থাকবো।

এ সময় শ্রমিকদের মধ্যে আরও বক্তব্য রাখেন, নুরুল ইসলাম সুরুজ, ফারুক আহম্মেদ, সাইফুদ্দিন সুমন, জাহিদুল ইসলাম, আব্বাস আলী

প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মনিরুল ইসলাম ঝন্টু।

দর্শনা কেরুজ চিনিকলের ৫২ কার্য দিবসে আখ মাড়াই মৌসুম সম্পন্ন

৮৬ বছর বয়সী বুড়ো কেরুজ চিনিকলটি এবারের আখ মাড়াই মৌসুমে চমক সৃষ্টি করলো। অবিশ্বাস্য হলেও সত্য বয়সের ভারে ন্যুয়ে পড়ে খুড়িয়ে খুড়িয়ে চলা মিলটি চলতি আখ মাড়াই মৌসুমে ছোট খাটো যান্ত্রিক ত্রুটির কবলে পড়লেও।

অন্যান্য মাড়াই মৌসুমের তুলনায় এবারের মৌসুমে আখ মাড়াইয়ের গড়হারও তুলনামূলক বেশী। চিনি আহরণের গড়হার বৃদ্ধি না পেলেও চিনির গুনগত মান এবার বেশ ভালো।

মিলের ব্যবস্থাপনা পরিষদের দক্ষতা, শ্রমিক-কর্মচারীদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফসল বলেই মন্তব্য সুধী মহলের। ২০২৩ সালের ১৫ ডিসেম্বর কেরুজ চিনিকলের ২০২৩-২৪ আখ মাড়াই মৌসুমের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সাড়ে ৬৫ হাজার মেট্রিকটন আখ মাড়াই করে ৬.২০ মেট্রিকটন চিনি উৎপাদন করবে কেরুজ চিনিকল।

কেরু চিনিকল সুত্রে জানা গেছে, এ মৌসুমে ৫২ কার্য দিবসে ৬ দশমিক ২০ শতাংশ চিনি আহরনের হার ধরে সাড়ে ৬৫ হাজার মেঃ টন আখ মাড়াই করে ৪ হাজার ৩০ মেঃ টন চিনি উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। যার বিপরীতে মিলজোন এলাকায় ৩ হাজার ৮ শ ২ একর জমিতে আখ করেছে।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, আজ রাত ১২ টার দিকে মিলটি বন্ধ হচ্ছে। তবে আগামীতে মিলটি আরও বেশিদিন চলবে বলে তিনি জানান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন,আতিয়ার, সাজু সবুজ,সদস্য মহায়মানুল হাসান রকি, মতিয়ার বড় বাবু,সাকি মাহমুদ,সুইট সাইদ ড্রাইভার, জিন্টু ড্রাইভার, লিটন বয়লার ফিরোজ আহম্মেদ টিটু, জিল্লু, শাহিন ইমরান, কবির প্রমুখ।

সদস্য আমিনুল, সদস্য মজিবর, ইদ্রিস, আজাদুল ইসলাম দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট, আতিয়ার হেড ক্যাশিয়ার রেজানুর রাজিব, হিসাব সহকারী বুলু আমিন, হিসাব সহকারী মনির উদ্দিন ভৃইয়া, সাজেদুর রহমান তুফান, আরিফুল ইসলাম আরুক, ড্রাইভার আলামিন শেখ, হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন, আতিয়ার, সাজু সবুজ, সদস্য মহায়মানুল হাসান রকি।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক ওয়েপি খন্দকার কায়েস আব্দুল্লা। এ সমাবেশে প্রায় ৭শ শ্রমিক কর্মচারী অংশ নেয়। অনুষ্ঠান শেষে শ্রমিকদের মাঝে কাঙ্গালী ভোজ অনুষ্টিত হয়।

দামুড়হুদায় নাইটগার্ড ও পথচারীদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদায় বিভিন্ন স্থানে শীতার্ত নাইটগার্ড, পথচারী ও ভবঘুরের বেড়ানো ব্যক্তিদের মাঝে কম্বল বিতরণ করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর।

আজ শনিবার রাত ১১ টার দিকে তিনি সরজমিনে গিয়ে এসব মানুষের মাঝে কলম্ব বিতরণ করেন।